# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ
ফোনঃ ০২-২২৩৩৫৪০২৫, ই-মেইলঃ dgmbcbd@krishibank.org.bd


নং-প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০২৫-২০২৬/১০৪৭ তারিখঃ ১১ মার্চ ২০২৬

**বিষয়ঃ ১৮ মার্চ ২০২৬ তারিখ বুধবার পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে তফসিলি ব্যাংক বন্ধ রাখা এবং ১৮ ও ১৯ মার্চ ২০২৬ তারিখ সরকারি ছুটির দিন সীমিত পরিসরে তফসিলি ব্যাংক খোলা রাখা প্রসঙ্গে।**

সূত্র নংঃ এসডিএডি সার্কুলার লেটার নং-০৪, তারিখ ১০ মার্চ ২০২৬, সুপারভাইজরি ডেটা ম্যানেজমেন্ট এন্ড এনালিটিক্স ডিপার্টমেন্ট (এসডিএডি), বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (কপি সংযুক্ত)।

উপর্যুক্ত বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় এর ০৮ মার্চ ২০২৬ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন নং-০৫.০০.০০০০..০০০.১৭৫.০৮.০০২০.২৫-২৮ এর মাধ্যমে আসন্ন শব-ই-কদর ও ঈদ-উল-ফিতরের পূর্ব নির্ধারিত ছুটির মধ্যবর্তী ১৮ মার্চ ২০২৬ তারিখ বুধবার নির্বাহী আদেশে সরকারি ছুটি ঘোষণা করায় বাংলাদেশ কৃষি ব্যাংক এর সকল কার্যালয়/শাখা/উপশাখা বন্ধ থাকবে।

০২। সূত্রোক্ত পত্রের নির্দেশনার প্রেক্ষিতে আসন্ন ঈদ-উল-ফিতরের পূর্বে তৈরি পোশাক শিল্প খাতে নিয়োজিত শ্রমিক-কর্মচারীদের বেতন, বোনাস ও অন্যান্য ভাতাদি পরিশোধের সুবিধার্থে এবং রপ্তানি বিল ক্রয়ের লক্ষ্যে **প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ (ট্রেজারী ম্যানেজমেন্ট বিভাগ (RTGS চালু থাকা সাপেক্ষে), ফরেন রেমিটেন্স ম্যানেজমেন্ট বিভাগ, আর্ন্তজাতিক বাণিজ্য বিভাগ, আইসিটি সিস্টেমস বিভাগ ও এডিসি ম্যানেজমেন্ট বিভাগ) সহ স্থানীয় মুখ্য কার্যালয়, কাওরান বাজার কর্পোরেট শাখা, বনানী কর্পোরেট শাখা, আশুলিয়া শাখা, টঙ্গী শাখা, গাজীপুর শাখা, সাভার শাখা, ভালুকা শাখা, নারায়নগঞ্জ কর্পোরেট শাখা, আগ্রাবাদ কর্পোরেট শাখা, চট্টগ্রাম কর্পোরেট শাখা ও ষোলশহর শাখা** সমূহ পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিতকরত ১৮ ও ১৯ মার্চ ২০২৬ তারিখ যথাক্রমে বুধবার ও বৃহস্পতিবার সরকারি ছুটির দিন নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সীমিত সংখ্যক লোকবলের মাধ্যমে সীমিত পরিসরে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করার জন্য অনুরোধ করা হলো।

| অফিস সময়সূচি | লেনদেনের সময়সূচি |
|---|---|
| সকাল ১০.০০ টা হতে দুপুর ২:০০ টা পর্যন্ত<br>(দুপুর ১:১৫ টা হতে ১:৩০ টা পর্যন্ত যোহরের নামাজের বিরতি) | সকাল ১০.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত |

০৩। উল্লেখ্য, ১৮ ও ১৯ মার্চ ২০২৬ তারিখ সরকারি ছুটির দিন হওয়ায় ঐ দিনসমূহে অফিসের কাজে উপস্থিত কর্মকর্তা/কর্মচারীগণ অত্র বিভাগ হতে ২০-১০-২০১৩ তারিখে জারিকৃত পত্র নং-প্রকা/শানিব্যউবি-১(২৭)অংশ-২/২০১৩-২০১৪/৬৪২ এ বর্ণিত নির্দেশনা মোতাবেক ভাতা প্রাপ্য হবেন।

অনুমোদনক্রমে-

(মোঃ আব্দুস সামাদ)
উপমহাব্যবস্থাপক

বিতরণঃ

০১। মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০২। মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৩। উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৪। শাখা ব্যবস্থাপক, সকল শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০২৫-২০২৬/১০৪৭ তারিখঃ ১১ মার্চ ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

০১। চিফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৪। উপমহাব্যবস্থাপক, সকল বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। আইসিটি সিস্টেমস বিভাগকে পত্রটি অফিসিয়াল ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। নথি/মহানথি।

জাহানারা রায়হানুল ফেরদৌসী
সহকারী মহাব্যবস্থাপক

# বাংলাদেশ ব্যাংক


(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ
www.bb.org.bd

সুপারভাইজরি ডেটা ম্যানেজমেন্ট এন্ড
এনালিটিক্স ডিপার্টমেন্ট (এসডিএডি)


এসডিএডি সার্কুলার লেটার নং- ০৪

২৫ ফাল্গুন ১৪৩২
তারিখ: --------------------
১০ মার্চ ২০২৬

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

**১৮ মার্চ ২০২৬ তারিখ বুধবার পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে তফসিলি ব্যাংক বন্ধ রাখা প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

১। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৮ মার্চ ২০২৬ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন নং-০৫.০০.০০০০.০০০.১৭৫.০৮.০০২০.২৫-২৮ এর মাধ্যমে আসন্ন শব-ই-কদর ও ঈদ-উল-ফিতরের পূর্ব নির্ধারিত ছুটির মধ্যবর্তী ১৮ মার্চ ২০২৬ তারিখ বুধবার নির্বাহী আদেশে সরকারি ছুটি ঘোষণা করায় তফসিলি ব্যাংকের সকল শাখা/উপশাখা বন্ধ থাকবে।

২। আসন্ন ঈদ-উল-ফিতরের পূর্বে তৈরি পোশাক শিল্প খাতে নিয়োজিত শ্রমিক-কর্মচারীদের বেতন, বোনাস ও অন্যান্য ভাতাদি পরিশোধের সুবিধার্থে এবং রপ্তানি বিল ক্রয়ের লক্ষ্যে কেবল ঢাকা মহানগরী, আশুলিয়া, টঙ্গী, গাজীপুর, সাভার, ভালুকা, নারায়ণগঞ্জ ও চট্টগ্রামে অবস্থিত পোশাক শিল্পের লেনদেন সংশ্লিষ্ট এলাকার বাণিজ্যিক ব্যাংকগুলোর শাখাসমূহে পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিতকরত আগামী ১৮ ও ১৯ মার্চ ২০২৬ তারিখ যথাক্রমে বুধ ও বৃহস্পতিবার নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সীমিত সংখ্যক লোকবলের মাধ্যমে সীমিত পরিসরে ব্যাংকিং কার্যক্রম পরিচালিত হবে:

| অফিস সময়সূচি | লেনদেনের সময়সূচি |
|---|---|
| সকাল ১০:০০ টা হতে অপরাহ্ণ ২:০০ টা পর্যন্ত<br>(দুপুর ১:১৫ টা হতে ১:৩০ টা পর্যন্ত যোহরের নামাজের বিরতি) | সকাল ১০:০০ টা হতে দুপুর ১:০০ টা পর্যন্ত |

৩। সমুদ্র/স্থল/বিমান বন্দর এলাকায় (পোর্ট ও কাস্টমস এলাকা) অবস্থিত ব্যাংকের শাখা/উপশাখা/বুথসমূহ সপ্তাহে ০৭ দিন ২৪ ঘন্টা চালু রাখার বিষয়ে ০৫ আগস্ট ২০১৯ তারিখে জারিকৃত ডিওএস সার্কুলার লেটার নং-২৪ অনুসারে ১৭ মার্চ ২০২৬ তারিখ হতে ২৩ মার্চ ২০২৬ তারিখ পর্যন্ত (ঈদের দিন ব্যতীত) সরকারি ও সাপ্তাহিক ছুটির দিনে আমদানি-রপ্তানি সংক্রান্ত কার্যক্রম সীমিত আকারে চলমান রাখার নিমিত্ত স্থানীয় প্রশাসনসহ বন্দর/কাস্টমস কর্তৃপক্ষের সাথে আলোচনাক্রমে ব্যাংকসমূহ যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে পারে।

৪। ছুটির দিনে দায়িত্ব পালনকারী কর্মকর্তা/কর্মচারীগণ বিধি মোতাবেক ভাতাদি প্রাপ্য হবেন।

৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় অর্পিত ক্ষমতাবলে জনস্বার্থে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আবদুল মান্নান)
পরিচালক (এসডিএডি)
ফোন: ৯৫৩০০৯৩